তারিখ 28 JUN 2016
পৃষ্ঠা ২ কলাম ৪

দৈনিক
ইত্তেফাক

# টাঙ্গাইলে পাঁচ শতাধিক দপ্তরির ১৫ মাস বেতন নেই

■ মীর আনোয়ার হোসেন টুটুল, মির্জাপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

টাঙ্গাইলের মির্জাপুর উপজেলাসহ অপর ১১ উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ শতাধিক দপ্তরি সরকারি বিধিমোতাবেক নিয়োগ পাবার পরও ১৫ মাস ধরে বেতন পাচ্ছে না। বেতন ভাতা না পেয়ে পরিবার পরিজন নিয়ে তারা মানবেতর জীবন যাপন করছে বলে জানা গেছে। আসন্ন ঈদেও বেতন ভাতা না পেয়ে তারা সকল আনন্দ থেকে বঞ্চিত। দপ্তরি নিয়োগের বৈধতা নিয়ে এক প্রার্থী হাই কোর্টে মামলা করায় বেতন ভাতা স্থগিত রয়েছে বলে জানা গেছে।

জানা গেছে, টাঙ্গাইলের মির্জাপুর, সখীপুর, বাসাইল, দেলদুয়ার, নাগরপুর, টাঙ্গাইল সদর, কালিহাতি, ভুয়াপুর, গোপালপুর, ঘাটাইল, মধুপুর ও ধনবাড়ি উপজেলায় ৫ শতাধিক দপ্তরি নিয়োগ পাবার পর থেকেই বেতন ভাতা পাচ্ছে না।

এ ব্যাপারে মির্জাপুর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. খলিলুর রহমানের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, এ উপজেলায় ৪৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪৪ জন দপ্তরি গত ১৫ মাস ধরে বেতন ভাতা পাচ্ছে না। নিয়োগের বৈধতা চ্যালেঞ্জ করে এক প্রার্থী হাই কোর্টে মামলা দায়ের করায় আদালত দপ্তরি নিয়োগের সকল কার্যক্রম বন্ধ করেছে।

এ ব্যাপারে টাঙ্গাইল জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. আতাউর রহমান বলেন, সরকার প্রাথমিক বিদ্যালয়ে দপ্তরি নিয়োগের উপর একটি নিতিমালা তৈরি করেছিলেন। কোনো কোনো উপজেলায় নিতিমালার বাহিরে দপ্তরি নিয়োগ করেছে। এ সংক্রান্ত হাই কোর্টে একটি মামলা হয়েছে। মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তারা বেতন ভাতা পাবেন না বলে তিনি জানিয়েছেন।